দৈনিক
ইত্তেফাক

তারিখ 01 DEC 2016
পৃষ্ঠা ৫ কলাম ২

# কেন্দুয়ায় ৪৬ প্রাথমিক বিদ্যালয় চলছে প্রধান শিক্ষক ছাড়াই

■ কেন্দুয়া (নেত্রকোনা) সংবাদদাতা

নেত্রকোনার কেন্দুয়া উপজেলার ১৮২টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ৪৬টি বিদ্যালয়ে প্রধান শিক্ষক নেই এবং ৫২টি সহকারী শিক্ষকের পদও শূন্য রয়েছে। এতে ঐ বিদ্যালয়গুলোতে একাডেমিক কার্যক্রমসহ পাঠদান কাজে ব্যাঘাত ঘটছে। এছাড়া শিক্ষাকার্যক্রম পরিদর্শন ও তদারক করার জন্য ৭টি সহকারী শিক্ষা কর্মকর্তার পদ থাকলেও আছেন মাত্র ৩ জন।

এ ব্যাপারে উপজেলা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ ইমদাদুল হক অচিরেই শূন্যপদ পূরণের জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।